

## প্রবাসী কর্মীদের নিজের আত্মীয় মনে করে সেবা দিন

----- মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম

ঢাকা-২১ আগস্ট, ২০১৯

আজ বেলা সাড়ে তিনটায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'শ্রম কল্যাণ সম্মেলন ২০১৯' এর ২য় দিনের বৈকালিক সেশনে শ্রম কাউন্সেলর ও প্রথম সচিবদের এক কর্মশালায় মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, প্রবাসী কর্মীদের সেবাদানের ক্ষেত্রে সবাইকে সমান গুরুত্ব দিন এবং প্রবাসী কর্মীদেরকে নিজেদের আত্মীয় মনে করে সেবা দিন। তিনি আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সরকারি চাকুরীজীবীদের সবসময় জনগণের সেবায় নিয়োজিত থাকতে নির্দেশ দিয়েছিলেন।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, প্রবাসীরা বিদেশের মাটিতে অনেক কষ্ট করে অর্থ উপার্জন করেন। বাংলাদেশের অর্থনীতিতে তাদের রেমিটেন্সের অবদান অনস্বীকার্য। দূতাবাসের কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদেরকে প্রবাসী কর্মীদের সুখ-দুঃখের অংশীদার হতে হবে এবং গুরুত্ব দিয়ে তাদের কথা শুনতে হবে। এছাড়াও তিনি কর্মকর্তাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সময় বাড়ানোর তাগিদ দেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহানের সভাপতিত্বে কর্মশালায় উপস্থিত ছিলেন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সাবিহা পারভীন, মোঃ নজীবুল ইসলাম, যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, নাসরীন জাহান, মোঃ মোশাররফ হোসেন, ড. মোজ্জাফফর আহমেদ, মোঃ যাহিদ হোসেন এবং মোঃ সারোয়ার আলম প্রমুখ।

